



# বাংলাদেশ আর্চারী ফেডারেশন

‘২০২৪ ফাইনাল ওয়ার্ল্ড কোটা টুর্নামেন্ট’ এবং

‘২০২৪ আর্চারী ওয়ার্ল্ড কাপ স্টেজ-৩’



তারিখঃ ২৫.০৬.২০২৪

## সংবাদ বিজ্ঞপ্তি

মোঃ সাগর ইসলাম প্যারিস ২০২৪ অলিম্পিক গেমসে সরাসরি অংশগ্রহণের লক্ষ্যে গত ১৪ হতে ১৭ জুন ২০২৪ পর্যন্ত তুরস্কের আন্তালিয়ায় অনুষ্ঠিত “২০২৪ ফাইনাল ওয়ার্ল্ড কোটা টুর্নামেন্ট”-এ কোয়ালিফাই করে এবং ১৭ হতে ২৩ জুন ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিত “২০২৪ আর্চারী ওয়ার্ল্ড কাপ স্টেজ-৩” এর খেলা শেষে আজ ভোরে দেশে প্রত্যাবর্তন করেছেন। ফাইনাল ওয়ার্ল্ড কোটা টুর্নামেন্টে মোঃ সাগর ইসলাম সিলভার মেডেল অর্জন করেন। জাতীয় আর্চারী দল আজ ভোর ৫টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বিমানবন্দরে পদক জয়ী আর্চারসহ জাতীয় আর্চারী দলকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান বাংলাদেশ আর্চারী ফেডারেশনের সাধারণ সম্পাদক কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আর্চারী ফেডারেশনের সহকারী সাধারণ সম্পাদক জনাব রশিদুজ্জামান সেরনিয়াবাত, কোষাধ্যক্ষ জনাব মোঃ আনিসুর রহমান, নির্বাহী সদস্য জনাব মোঃ ফারুক ঢালী, ডাঃ মোঃ এহছানুল করিম এবং বিকেএসপি’র আর্চারী প্রশিক্ষক ও বিভাগীয় প্রধান জনাব মোঃ নূরে আলম।

প্যারিস ২০২৪ অলিম্পিক গেমসে কোয়ালিফাই করা আর্চার মোঃ সাগর ইসলামকে আগামী ২৭ জুন ২০২৪ বিকাল ৩:৩০ মিঃ শেখ রাসেল রোলার স্কেটিং কমপ্লেক্সে সংবর্ধনা দেয়া হবে।

দলের ছবি এবং ভিডিও ফুটেজ সংযুক্ত।

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আর্চারী ফেডারেশন